গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
আইসিটি শাখা
www.rajbari.gov.bd

রাজবাড়ী জেলা আইসিটি কমিটির মার্চ ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	সুলতানা আক্তার জেলা প্রশাসক
সভার তারিখ	১৭/০৩/২০২৫
সভার সময়	সকাল ১১:০০
স্থান	জুম অনলাইন প্লাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট ক

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি), রাজবাড়ী ফেব্রুয়ারি, ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র. নং	আলোচনার বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	ডি-নথি কার্যক্রমের অগ্রগতি	জেলা প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী জানান যে, প্রতিটি দপ্তর তাদের নিজস্ব এডমিন প্যানেল থেকে তাদের দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবগত হতে পারবেন। সকল দপ্তরের ডি-নথি বিষয়ক সব ধরনের কারিগরি সহযোগিতা প্রদান করা হয়। ডি-নথিতে ট্রেনিং এর জন্য বরাদ্দ চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। বরাদ্দ পাওয়া গেলে সকল দপ্তরকে প্রশিক্ষণ প্রদান করা যাবে। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী জানান যে, রাজবাড়ী জেলার সকল অফিসের কার্যক্রমের গতি বৃদ্ধি করতে আবশ্যিকভাবে ডি-নথি ব্যবহার করতে হবে। ডি-নথির মাধ্যমে নোট নিষ্পত্তির হার বাড়াতে হবে। অন্য দপ্তরের সাথে পত্র যোগাযোগের ক্ষেত্রে অবশ্যই ডি-নথি ব্যবহার করতে হবে। এছাড়া সকল দপ্তরের ডি-নথি মনিটরিং এর জন্য ডি-নথি কর্তৃপক্ষকে অবগত করা যেতে পারে।	ক) সকল দপ্তরের ডি-নথি বিষয়ক সব ধরনের কারিগরি সহযোগিতা প্রদান করতে হবে। খ) অফিস এডমিন সংশ্লিষ্ট দপ্তরের ডি-নথি কার্যক্রম নিয়মিত মনিটরিং করবেন। গ) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার ডি-নথি কার্যক্রম সংক্রান্ত সহযোগিতা প্রদান করবেন। ঘ) আবশ্যিকভাবে ডি-নথি ব্যবহার করতে হবে। ঙ) ডি-নথির মাধ্যমে নোট নিষ্পত্তির হার বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। চ) ডি-নথি কার্যক্রম মনিটরিং করা যায় এরক ব্যবস্থা করতে হবে। ছ) ডি-নথির উপর অধিকতর প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।	১। দপ্তর প্রধান (সকল), রাজবাড়ী ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী ৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজবাড়ী ৫। সহকারী প্রোগ্রামার (সকল), রাজবাড়ী

২	**আইসিটি ডিজিটাল ল্যাব**	জেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি, সহকারী শিক্ষা অফিসার জানান যে, রাজবাড়ী জেলায় ৬৯টি আইসিটি ল্যাব ও ০২টি স্কুল অফ ফিউচার ল্যাব সচল রয়েছে ও নিয়মিত পরিচালিত হচ্ছে। প্রতিটি ল্যাবে সিসি ক্যামেরা লাগানোর বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যা অধিকাংশ প্রতিষ্ঠানই বাস্তবায়ন করেছে। পরবর্তী সভায় এ বিষয়ে সঠিক তথ্য সংগ্রহের মাধ্যমে সভায় অবগত করা হবে। সহকারী প্রোগ্রামার, কালুখালী, রাজবাড়ী জানান যে, উপজেলার আইসিটি ডিজিটাল ল্যাবগুলো নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। এছাড়া তিনি আরো জানান যে, প্রতিটি স্কুলের আইসিটি শিক্ষককে আইসিটি ডিজিটাল ল্যাবগুলোর কোন সমস্যা হলে নিজস্ব অর্থায়নে সমাধানের নির্দেশনা প্রদান করা হয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী জানান যে, আইসিটি ডিজিটাল ল্যাবের উপযুক্ত ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আইসিটি বিষয়ে দক্ষ করে গড়ে তুলতে হবে। আইসিটি ডিজিটাল ল্যাবের মালামালগুলো নষ্ট হলে সেগুলো দ্রুত সময়ের মধ্য পুনঃস্থাপন করতে হবে।	ক) প্রতিটি ল্যাবে সিসি ক্যামেরা লাগানোর বিষয়ে নিশ্চিত করতে হবে। খ) আইসিটি ডিজিটাল ল্যাবগুলোর নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে। গ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবগুলোর কার্যক্রম সহকারী প্রোগ্রামারগণ নিয়মিত মনিটরিং করবেন। ঘ) আইসিটি ডিজিটাল ল্যাবের উপযুক্ত ব্যবহার নিশ্চিত করতে হবে। ঙ) আইসিটি ডিজিটাল ল্যাবগুলোর কোনো সমস্যা হলে নিজস্ব অর্থায়নে সমাধান করতে হবে। চ)শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আইসিটি ডিজিটাল ল্যাব ব্যবহারের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে তা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী ২। জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী ৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজবাড়ী ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), রাজবাড়ী ৫। সহকারী প্রোগ্রামার (সকল), রাজবাড়ী ৬। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), রাজবাড়ী
৩	**জেলা ও উপজেলা পর্যায়ে ওয়েব পোর্টাল হালনাগাদকরণ**	জেলা প্রোগ্রামার রাজবাড়ী , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী জানান যে, জেলা ও উপজেলার ওয়েব পোর্টালগুলো নিয়মিত হালনাগাদের জন্য পত্র দেওয়া হয়েছে ও সকল দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিত মনিটরিং করা হচ্ছে। জেলার ৪৪টি দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ আছে এবং বাকিগুলো সহযোগিতা প্রদানের মাধ্যমে হালনাগাদের কার্যক্রম চলমান রয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী জানান যে, জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। জেলা পর্যায়ের অফিসগুলো তাদের অধীনস্থ উপজেলা পর্যায়ের অফিসগুলোকে ওয়েব পোর্টাল হালনাগাদের বিষয়ে নির্দেশনা প্রদান করতে অনুরোধ করেন।	ক) ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্ত কোন সহায়তা প্রয়োজন হলে জেলা প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় কারিগরি সহায়তা গ্রহণ করতে হবে। খ) উপজেলা পর্যায়ের যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ নেই সে সকল দপ্তরের রিপোর্ট জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। গ) জেলা পর্যায়ের অফিসগুলো তাদের অধীনস্থ উপজেলা পর্যায়ের অফিসগুলোকে ওয়েব পোর্টাল হালনাগাদের বিষয়ে নির্দেশনা প্রদান করতে হবে। ঘ) স্ব স্ব দপ্তর কর্তৃক নিজ নিজ ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ ও তদারকি করতে হবে।	১। দপ্তর প্রধান (সকল), রাজবাড়ী ২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজবাড়ী ৩। সহকারী প্রোগ্রামার (সকল), রাজবাড়ী

৪	**উপজেলা পর্যায়ে আইসিটি কমিটির সভা আয়োজন**	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী উপজেলা পর্যায়ে আইসিটি কমিটি সভা আয়োজন নিশ্চিত করাসহ সভার কার্যবিবরণী স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ জানান।	উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত আয়োজন পূর্বক সভার কার্যবিবরণী স্ব-স্ব উপজেলা ওয়েব পোর্টালে আপলোড এবং জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী ২। সহকারী প্রোগ্রামার (সকল), রাজবাড়ী
৫	**ইউনিয়ন ডিজিটাল সেন্টার**	প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী বলেন যে, রাজবাড়ী জেলার ৪২টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও ৩টি পৌরসভা ডিজিটাল সেন্টার রয়েছে। সেগুলোতে নিয়মিত সকল সেবা প্রদান করা হচ্ছে। সহকারী প্রোগ্রামার, গোয়ালন্দ, রাজবাড়ী জানান যে, গোয়ালন্দ উপজেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোতে সকল কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী উপজেলা নির্বাহী অফিসার, প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার কর্তৃক প্রতি মাসে ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করার অনুরোধ জানান। এছাড়াও ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোতে মানসম্মত সেবা প্রদান করা হচ্ছে কি না, সে বিষয়ে নজর রাখার অনুরোধ জানান এবং সেবার বিপরীতে নির্ধারিত ফি গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি ইউনিয়ন ডিজিটাল সেন্টারের চুক্তিপত্র হালনাগাদ আছে কিনা এবং চুক্তিপত্র অনুযায়ী কার্যক্রম পরিচালনা করা হয় কিনা, সে বিষয়ে তদারকি করার অনুরোধ জানান।	ক) সেবার বিপরীতে নির্ধারিত ফি গ্রহণ করতে হবে। খ) প্রতি মাসে জেলার সকল উপজেলার ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ উপজেলা নির্বাহী অফিসার, প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারগণ নিয়মিত পরিদর্শন করবেন এবং এ সংক্রান্ত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করবেন। গ) ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোতে মানসম্মত সেবা প্রদান নিশ্চিত করতে হবে। ঘ) ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোর চুক্তিপত্র হালনাগাদ আছে কিনা এবং চুক্তিপত্র অনুযায়ী কার্যক্রম পরিচালনা করা হয় কিনা, তা নিশ্চিত করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী ২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজবাড়ী ৩। সহকারী প্রোগ্রামার (সকল), রাজবাড়ী

৬	**ইন্টারনেট সেবা**	প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী বলেন যে, জেলার সকল সরকারি দপ্তরে ইন্টারনেট সংযোগে কোন সমস্যা হলে প্রয়োজনীয় কারিগরি সহায়তা করা হয়। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী জানান যে, সরকারি ইন্টারনেট সেবা প্রায়শ বিঘ্নিত হয়। সে কারণে বেসরকারি ইন্টারনেট সংযোগ নেওয়া হয়, যার ফলে সরকারি অর্থের অপচয় হচ্ছে। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী সরকারি দপ্তরসমূহের সরকারি ইন্টারনেট সংযোগ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী-কে অনুরোধ জানান। এছাড়া ইন্টারনেট সেবার মান উন্নয়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়।	ক) জেলা ও উপজেলা পর্যায়ে কোন প্রকল্পের আওতায় কতগুলো দপ্তরে সরকারি ইন্টারনেট সংযোগ দেওয়া আছে সে সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন আগামী সভার পূর্বে প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবেন। খ) ইন্টারনেট কানেকশন স্থাপনের কার্যক্রমে কোন সমস্যা হলে সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার ও ভেন্ডর প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতে হবে। গ) সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান চুক্তি অনুযায়ী সেবা প্রদান করছে কিনা নিশ্চিত করতে হবে। ঘ) সেবার মান উন্নয়ন করতে হবে।	১। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজবাড়ী ২। সহকারী প্রোগ্রামার (সকল), রাজবাড়ী ৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী
৭	**আইসিটি সংক্রান্ত চলমান প্রকল্প**	প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী জানান যে, ইডিসি প্রকল্পের অধীনে প্রতিটি উপজেলাতে অবকাঠামো নির্মাণ হচ্ছে। রাজবাড়ী সদর ও পাংশা উপজেলাতে অবকাঠামো নির্মাণ চলমান রয়েছে। বাকি উপজেলাতে এখনো নির্মাণ কাজ চালু হয়নি। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী জানান যে, রাজবাড়ী জেলায় ৮৫৪টি শিক্ষা প্রতিষ্ঠানে অপটিক্যাল ফাইবার এর মাধ্যমে ইন্টারনেট সংযোগ প্রদানের চুক্তি রয়েছে। ৮৫৪টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১০০টি প্রতিষ্ঠানের সংযোগ প্রদান করা হয়েছে। বাকিগুলোর কার্যক্রম চালু রয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী আইসিটি সংক্রান্ত চলমান প্রকল্প এর বিষয়ে সভায় উপস্থাপন এর মাধ্যমে সকলকে অবগত করতে অনুরোধ জানান।	আইসিটি সংক্রান্ত চলমান প্রকল্প এর বিষয়ে সভায় উপস্থাপন এর মাধ্যমে সকলকে অবগত করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী ২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজবাড়ী ৩। সহকারী প্রোগ্রামার (সকল), রাজবাড়ী

অতঃপর সভায় আর কোনও আলোচ্য বিষয় না থাকায় সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধসহ সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২-০৩-২০২৫
সুলতানা আক্তার
জেলা প্রশাসক
০২-৪৭৮৮০৭৫৩৩ (ফোন)
০২-৪৭৮৮০৮০৫৯ (ফ্যাক্স)
dcrajbari@mopa.gov.bd

নম্বর: ০৫.৩০.৮২০০.০০০.০৩১.০৬.০০০৫.২২.১৮

তারিখ: ৮ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২২ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৩। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫। পুলিশ সুপার, রাজবাড়ী।
৬। সিভিল সার্জন, রাজবাড়ী।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজবাড়ী।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী।
৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রাজবাড়ী।
১০। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী।
১১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজবাড়ী।
১২। জেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী।
১৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী।
১৪। জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী।
১৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী।
১৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজবাড়ী।
১৭। সহকারী প্রোগ্রামার (সকল), রাজবাড়ী।
১৮। জেলা ....রাজবাড়ী।
১৯। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক ....।
২০। জনাব ....।

২২-০৩-২০২৫
সুলতানা আক্তার
জেলা প্রশাসক